# ইসলামপুর উপজেলা পরিষদের জানুয়ারি ২০২২ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব এস. এম. জামাল আব্দুন নাছের
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ইসলামপুর, জামালপুর।
সভার তারিখ ও সময় ঃ ২০ জানুয়ারি ২০২২ঃ সকাল ১১.০০ ঘটিকা।
স্থান ঃ উপজেলা পরিষদ হলরুম
উপস্থিতি ঃ সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' এবং অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'খ' তে দেখানো হলো।

উপজেলা পরিষদ মাসিক সভায় উপস্থিত ভাইস-চেয়ারম্যান, মহিলা ভাইস-চেয়ারম্যান, উপস্থিত সকল বিভাগীয় কর্মকর্তা, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এবং কমিটির অন্যান্য সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভার কার্যক্রম পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে আহবান জানতনো হয়। সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

১। **গত সভার কার্যবিবরণী অনুমোদনঃ**

| আলোচনা | সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয়। | পাঠান্তে কোন বিষয়ে আপত্তি না থাকায় এবং কোন সংযোজন বা বিয়োজনের প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও সংশ্লিষ্ট সকল |

২। **বিভাগীয় কার্যক্রমের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ঃ**

| | | |
|---|---|---|
| **স্বাস্থ্য বিভাগ**<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় অনুপস্থিত ছিলেন। কোন কার্যপত্র প্রেরন করা হয়নি। | স্বাস্থ্য বিধি মেনে আগামী সভায় যথাসময়ে উপস্থিতসহ ও সভার পূর্বেই কার্যপত্র প্রেরণ নিশ্চিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ইসলামপুর |
| **প্রকৌশল বিভাগ**<br>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, নোয়ারপাড়া ইউনিয়ন পরিষদের ভবন নির্মাণের জন্য ডিপিপি'তে অন্তর্ভূক্ত করা প্রয়োজন। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করা হয়। ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) খাতে ১ম ও ২য় কিস্তিতে প্রাপ্ত ৫২,২৬,০০০.০০ (বায়ান্ন লক্ষ ছাব্বিশ হাজার) টাকা এবং ১ম ও ২য় কিস্তির প্রাপ্ত বরাদ্দের ভিত্তিতে ৩য় ও ৪র্থ কিস্তিতে সম্ভাব্য প্রাপ্ত ৫২,২৬,০০০.০০ (বায়ান্ন লক্ষ ছাব্বিশ হাজার) টাকা ধরে মোট, ১,০৪,৫২,০০০.০০ (এক কোটি চার লক্ষ বায়ান্ন হাজার) টাকা এবং গত অর্থ বছরের উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের উদ্বৃত্ত টাকার পরিমাণ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকাসহ ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কমসূচিতে সর্বমোট ১,৫৪,৫২,০০০.০০ টাকা উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহারিক নির্দেশিকা/২০১৪ মোতাবেক উপজেলা প্রকল্প বাছাই কমিটির সভা অনুষ্ঠিত হয়। উপজেলা প্রকল্প বাছাই কমিটি'র সভায় গৃহীত ও অনুমোদিত স্কীমসমূহ সভায় উপস্থাপন করা হয়। যা পরিশিষ্ট "গ" তে দেখানো হলো। সভায় প্রকল্পের স্কীমসমূহ নিয়ে বিস্তারিত আলোচনা হয়।<br>তিনি আরও জানান যে, ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) প্রকল্পের আওতায় বার্ষিক উন্নয়ন কর্মসূচি(এডিপি) এর আওতায় ইসলামপুর উপজেলায় ৫০০ আসন বিশিষ্ট অডিটরিয়াম কাম মাল্টিপারপারপাস হল নির্মাণ কাজ ঠিকাদার সহিদ ব্রাদার্স সোলার কনস্ট্রাকশন ইসলামপুর কর্তৃক ২০২০-২১ অর্থ বছরে সমাপ্ত করেছেন। যা গত ০৮-০১-২০২২ তারিখে মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় কর্তৃক উদ্বোধন করা হয়েছে। সংশ্লিষ্ট ঠিকাদার উক্ত অডিটরিয়াম ভবনটি বুঝিয়ে নেয়ার জন্য আবেদন করেছেন। অডিটরিয়াম ভবনটি সরকারী সম্পত্তি যা রক্ষণাবেক্ষনের দায়িত্ব উপজেলা পরিষদের , সরকারী সম্পদ রক্ষার্থে দ্রুততম সময়ে ভবনটি বুঝিয়ে নেয়ার জন্য সভায় অনুরোধ করা হয়। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা ও নোয়ারপাড়া ইউনিয়ন পরিষদের ভবন নির্মাণের জন্য ডিপিপি'তে অন্তর্ভূক্ত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির গৃহীত প্রকল্পসমূহ বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।<br>৩। উপজেলা পরিষদের ৫০০ আসন বিশিষ্ট অডিটরিয়ামটি ঠিকাদারের নিকট হতে বুঝিয়ে নেয়া সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, ইসলামপুর, জামালপুর।<br>ও<br>সংশ্লিষ্ট সকল |



CamScanner

| | | |
|---|---|---|
| [illegible]ষি অফিসার সভায় জানান যে, চলমান রবি মৌসুমে বোরো ধানের [illegible]লা [illegible]র কাজ সম্পন্ন হয়েছে। রাসায়নিক সারের পর্যাপ্ত মজুদ রয়েছে। বিভিন্ন রবি ফসলের (সরিষা, মরিচ, ভুট্টা, পেয়াজ) ফলন সন্তোষজনক। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার<br>ইসলামপুর, জামালপুর। |
| **প্রাণি সম্পদ বিভাগ**<br>উপজেলা প্রাণি সম্পদ অফিসার সভায় জানান, জানুয়ারি, ২০২২ মাসে ৭৬২ টি কৃত্রিম প্রজনন, ২৫৫ টি বাছুর উৎপাদন হয়। টিকাদান কর্মসূচিতে ১০৩০৪ টি গবাদি পশু ও ১৫৭০০ টি হাঁস-মুরগী টিকা প্রদান করা হয়। ২৪১৫টি গবাদি পশু ও ২০২২৯ টি হাঁস-মুরগীকে চিকিৎসা প্রদান করা হয় এবং ৫৮ জন খামারি কে প্রশিক্ষণ প্রদান করা হয়। ২৫০৩৫/-টাকা টীকাবীজ ও ২২৮৬০/- টাকা কৃত্রিম প্রজনন বাবদ জমা হয়। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণি সম্পদ অফিসার<br>ইসলামপুর, জামালপুর। |
| **মৎস্য বিভাগ**<br>সিনিয়র উপজেলা মৎস্য অফিসার সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার<br>ইসলামপুর, জামালপুর। |
| **পরিবার পরিকল্পনা বিভাগ**<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, ডিসেম্বর/২১ মাসের অর্জন, ক) স্থায়ী পদ্ধতি (মহিলা) = ২৫ জন, খ) আই ইউডি = ৫৭ জন, গ) ইমপ্লান্ট = ২০৩ জন, ঘ) ইসিপি ০৫ জন, ঙ) কন্ডম, ২৫৬০২ পিচ, চ) আপন (বড়ি) ৪১৮ জন চক্র, ছ) খাবার বড়ি (সুখী) ১৭৩৬১ চক্র, জ) ইনজেক্টশন ১৫২৪ ভায়াল, মিসোপ্রোস্টল ১৩৬। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে স্থান নির্বাচন কমিটি কর্তৃক স্থান নির্ধারণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার<br>ইসলামপুর,জামালপুর। |
| **দুর্যোগ ও ত্রাণ বিভাগ**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, গ্রামীণ অবকাঠামো সংস্কার/রক্ষণাবেক্ষণ কর্মসূচির ১ম পর্যায় নন সোলার খাতে নির্বাচনী এলাকা ভিত্তিক ১৯ টি প্রকল্পের অনুকূলে ৭৫,৫৮,৯২৪/০১ টাকা, কাবিখা (চাল) ১৫ টি প্রকল্পের অনুকূলে ১৫৯.৯৪৪ মেঃটন, কাবিখা (গম) ১৪ টি প্রকল্পের অনুকূলে ১৫৯.৯৪৪ মেঃটন এবং টি.আর ৪৯.৫৭,৬৬৬/৬৬ টাকার অনুকূলে ৬৫ টি প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে যার ৭০% কাজ সমাপ্ত হয়েছে। উক্ত প্রকল্পের কাজ চলমান রয়েছে। টি.আর নির্বাচনী এলাকা ভিত্তিক ২য় পর্যায়ের ৯৯,১৫,৩৩৩/৩৩ টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। প্রকল্পের কাজ প্রক্রিয়াধীন আছে। গ্রামীণ অবকাঠামো সংস্কার/রক্ষণাবেক্ষণ কর্মসূচির ১ম পর্যায় নন সোলার খাতে সংরক্ষিত মহিলা আসনে ০৮ টি প্রকল্পের অনুকূলে ২৫,২৯,১৩৮/- টাকা, কাবিখা (চাল) ০৫ টি প্রকল্পের অনুকূলে ৫৩.৫১৫ মেঃটন, কাবিখা (গম) ১৪ টি প্রকল্পেরর অনুকূলে ১৬,৬৮,০০০/৬৬ টাকার অনুকূলে ৩৩ টি প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে যার ৭০% কাজ সমাপ্ত হয়েছে। উক্ত প্রকল্পের কাজ চলমান রয়েছে। টি.আর সংরক্ষিত মহিলা আসনে ২য় পর্যায়ে ৩৩,৩৬,০০০/- টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। প্রকল্পের কাজ প্রক্রিয়াধীন আছে। গ্রামীণ অবকাঠামো সংস্কার/রক্ষণাবেক্ষণ কর্মসূচির ১ম পর্যায় নন সোলার খাতে কাবিটা সাধারণ ১৯ টি প্রকল্পের অনুকূলে ৪৮,৯৩,৭৭৭/৬৬ টাকা, কাবিটা (চাল) ১৪ টি প্রকল্পের অনুকূলে ১০৩.৫৫০৮ মেঃটন, কাবিখা (চাল) ১৬ টি প্রকল্পের অনুকূলে ১০৩.৫৫০৮ মেঃটন এবং টি.আর সাধারণ খাতে ২৭,৪৩,৩০৭/১২ টাকার অনুকূলে ৩৮ টি প্রকল্পের কাজ বাস্তবায়ন করা হচ্ছে যার ৭০% কাজ সমাপ্ত হয়েছে। উক্ত প্রকল্পের কাজ চলমান রয়েছে। টি,আর সাধারণ ২য় পর্যায়ে ৫৪,৮৬,৬১৪/২৩ টাকা এবং পৌরসভায় ৬,৯১,৪৩৭/৯১ পাওয়া গিয়েছে। প্রকল্পের কাজ প্রক্রিয়াধীন আছে। এছাড়া ৩৩৩ এ জি.আর ক্যাশ ৯,৬৮,৪১২/- বরাদ্দ পাওয়া গিয়েছে। তন্মধ্যে ২,৩৬,৭০৩/- বিতরণ করা হয়েছে ৭,৩১,৭০৯/- টাকা অবশিষ্ট রয়েছে। গো-খাদ্য বরাদ্দ ৭,৪৭,০০০/ বরাদ্দ পাওয়া গিয়েছে কোন বিতরণ করা হয়নি। নদী ভাঙ্গনে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। মোট পরিবারের সংখ্যা ১০৭ জন। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |

| | | |
|---|---|---|
| সমাজসেবা অফিসার সভায় জানান যে, বয়স্ক ভাতা প্রতিস্থাপনের [illegible] চলমান রয়েছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করা হয়। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজ সেবা অফিসার |
| **শিক্ষা বিভাগ**<br>উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, প্রাথমিক বিদ্যালয়ে বার্ষিক পরীক্ষা বন্ধ থাকায় স্কুল ভিত্তিক মুল্যায়ন পরীক্ষা হয়েছে। গত ১ জানুয়ারি ২০২২ তারিখে উৎসব মুখর পরিবেশ বিতরণ করা হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করা জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার ইসলামপুর, জামালপুর। |
| **মাধ্যমিক শিক্ষা বিভাগ**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, গত ১ জানুয়ারি, ২০২২ তারিখে উৎসবমুখর পরিবেশে ছাত্র-ছাত্রীদের মাঝে বই বিতরণ করার হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করা জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>ইসলামপুর, জামালপুর।<br>ও সংশ্লিষ্ট সকল |
| **মহিলা বিষয়ক বিভাগ**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, ২০১৬-২০১৭ অর্থ বছরের দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কর্মসূচীর" আওতায় উপকারভোগীদের মাঝে সোনালী ব্যাংক, ইসলামপুর শাখা, জামালপুর এর মাধ্যমে বিতরণ হচ্ছে। ইতোমধ্যে অত্র উপজলোর ১২ টি ইউনিয়নের মধ্যে ০৭(সাত) টি ইউনিয়নের (কুলকান্দি, বেলগাছা, চিনাডুলী, নোয়ারপাড়া, ইসলামপুর, পাথর্শী ও চরপুটিমারী) ভাতাভোগীদের মধ্যে বিতরণ কার্য সম্পন্ন হয়েছে। অবশিষ্ট ০৫ (পাঁচ) টি ইউনিয়নের (সাপধরী, পলবান্ধা, গোয়ালেরচর, গাইবান্ধা ও চরগোয়ালিনী) ভাতাভোগীদের মাঝে ভাতা বিতরণ চলমান রয়েছে। তিনি আরও জানান যে, মহিলাদের আয়বর্ধক কর্মসুচি (আইজিএ) প্রশিক্ষণ প্রকল্পের ১২তম ব্যাচ (অক্টোবর/২১ হতে ডিসেম্বর/২১ পর্যন্ত) শেষ পর্যায়। ১৩ ব্যাচ আগামী জানুয়ারি-মার্চ/২২ মেয়াদে চালুর লক্ষ্যে আবেদনপত্র গ্রহণ সম্পন্ন হয়েছে এবং আবেদনপত্রগুলো বাছাইয়ের প্রক্রিয়াধীন। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করা জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার<br>ইসলামপুর, জামালপুর |
| **যুব ও ক্রীড়া বিভাগ**<br>উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, জানুয়ারি/২২ মাসের যুব ঋণ আদায়যোগ্য ২,৭৬,৯৯৩/- টাকা এবং আদায় হয়েছে ২,৬০,৭০৩/- টাকা। আদায়ের হার ৯৪%। যুব<br>ণ বিতরণ ও প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। যুব উন্নয়ন অধিদপ্তরের আওতায় "গাড়ী চালনা" বিষয়ে প্রশিক্ষণ কোর্সে ভর্তির জন্য উপ-পরিচালক মহোদয়ের কার্যালয় যুব উন্নয়ন অধিদপ্তর জামালপুর থেকে বিজ্ঞপ্তি প্রদান করা হয়েছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনাসহ "গাড়ী চালনা" বিষয়ে প্রশিক্ষণ কোর্সে ভর্তির বিষয়ে মাইকিং জনসাধারণকে জানানোর জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার<br>ইসলামপুর, জামালপুর। |
| **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ**<br>সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, জানুয়ারি/২০২২ ইসলামপুর উপজেলার চলমান উন্নয়নমূলক কাজের মধ্যে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ১৯টি ওয়াশব্লক নির্মাণাধীন, ০৬ টি ওয়াশব্লক প্রক্রিয়াধীন, ইসলামপুর পৌরসভা পানি সরবরাহ ও স্যানেটেশন প্রকল্পের কাজ চলমান এবং মুজিব বর্ষে গৃহহীন পরিবারের জন্য ২০ টি নলকূপের বোরিং এবং পাটাতনের কাজ সমাপ্ত হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয় এবং 'ক' শ্রেণীর গৃহহীনদের জন্য নলকূপ স্থাপনের কাজ দ্রুত শেষ করতে করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)<br>ইসলামপুর, জামালপুর। |
| **পল্লী উন্নয়ন বিভাগ**<br>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) মাধ্যমে ঋণ বিতরণ ও ঋণ আদায় কার্যক্রম চলমান আছে। ঋণ আদায় সন্তোস জনক। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার<br>ইসলামপুর, জামালপুর। |



CamScanner

| | | |
|---|---|---|
| সমবায় অফিসার সভায় জানান যে, ইসলামপুর উপজেলার ১১৪ টি [illegible] সমবায় সমিতির মধ্যে ২০২০-২১ অডিট বর্ষে ৪০ টি সমিতির অডিটি সম্পাদন করা হয়েছে। বাকী সমিতিগুলো অডিট সম্পাদন যথাসময়ে শেষ হবে। অডিট সম্পাদনের সময়সীমা ৩১ শে মার্চ/২০২২খ্রিঃ। তিনি আরও জানান যে, সমবায়ীদের নিয়ে ভ্রাম্যমান প্রশিক্ষণ বছরে লক্ষমাত্রা ৪টি। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার<br>ইসলামপুর, জামালপুর। |
| **বন ও পরিবেশ অধিদপ্তর**<br>ফরেস্টার, বন ও পরিবেশ বিভাগ সভায় জানান যে, মাননীয় সংসদ সদস্য মহোদয়ের তালিকামতে বিনামূল্যে চারা বিতরনের কাজ চলমান। এ বিষয়ে চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান যে, বন বিভাগ হতে ১ থেকে ২ ফুট সাইজের চারা বিতরণ করা হয় চারা সাইজ ছোট হওয়ায় রোপনে পর ছাগলে খেয়ে ফেলে ফলে চার রোপনে কোন কাজে আছে না। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনাসহ বড় সাইজের চার বিতরণের উদ্দোগ গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ফরেস্টার, বন ও পরিবেশ অধিদপ্তর,<br>ইসলামপুর, জামালপুর। |
| **বিদ্যুৎ বিভাগ**<br>ডিজিএম, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি সভায় জানান যে, তার বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ<br>ইসলামপুর, জামালপুর। |
| **উপজেলা খাদ্য নিয়ন্ত্রক**<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, তার বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক<br>ইসলামপুর, জামালপুর। |
| **পল্লী সঞ্চয় ব্যাংক**<br>শাখা ব্যবস্থাপক জানান যে, ইসলামপুর উপজেলায় ১২ টি ইউনিয়নে পল্লী সঞ্চয় ব্যাংক এর ৩৮৮ টি সমিতির ১৮৬০৮ জন সদস্য রয়েছে। জানুয়ারি ২০২২ মাসে ৩,৩৮,০০০/- টাকা সঞ্চয় জমা হয়, ৯৭,৭৫,০০০/- টাকা ঋণ আদায় হয় ও ১,০৭,৩৪,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয় এবং ৯৭,০০০/- টাকা সঞ্চয় উত্তোলন করা হয়, মোট ১,০১,১৩,০০০/- মোট জমা হয়। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | শাখা ব্যবস্থাপক<br>পল্লী সঞ্চয় ব্যাংক<br>ইসলামপুর, জামালপুর। |

**৩। ১৭ কমিটি পুনঃগঠনঃ**

| | | |
|---|---|---|
| -- | -- | -- |

**৪। সরকারি বিধি আলোচনা ও পর্যালোচনাঃ**

| | | |
|---|---|---|
| -- | -- | -- |

**৫। মাননীয় সংসদ সদস্য মহোদয়ের সুপারিশের উপর আলোচনাঃ**

| | | |
|---|---|---|
| -- | -- | -- |

**৬। উপজেলা পরিষদের আয়-ব্যয় হিসাবের উপর আলোচনা ঃ**

| | | |
|---|---|---|
| ক) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, গত ১৪/১২/২০২১ তারিখে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলে ১৫,৩৬,৬৬৬/- (পনের লক্ষ ছত্রিশ হাজার ছয়শত ছেষট্টি) টাকা এবং উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলে ৫৭,৫৭,৯৬৩/- (সাতান্ন লক্ষ সাতান্ন হাজার নয়শত তেষট্টি) টাকা স্থিতি রয়েছে। দাপ্তরিক প্রয়োজনে উপজেলা রাজস্ব তহবিল এবং উন্নয়ন তহবিল ব্যবহারিক নির্দেশিকা মোতাবেক নিম্নোক্ত ব্যয় সম্পাদিত হয়েছে। | উপজেলা পরিষদের দাপ্তরিক প্রয়োজনে সম্পাদিত ব্যয় সমূহ উপস্থিত সদস্যগণের সর্বসম্মত ভোটে অনুমোদিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>ইসলামপুর, জামালপুর। |

| ক্রঃ নং | ব্যয়ের সংক্ষিপ্ত বিবরণ | টাকার পরিমাণ |
|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানদ্বয়ের ডিসেম্বর/ ২০২১মাসের সম্মানিভাতা প্রদান | ৯৪০০০.০০ |
| ০২ | উপজেলা পরিষদের দৈনিক ভিত্তিতে নিয়োজিত ২ (দুই) জন কর্মচারীর ডিসেম্বর/২০২১ মাসের | ২১৯০০.০০ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | |
| ০৩ | উপজেলা পরিষদ মাসিক সভা ও উপজেলা নির্বাহী অফিসের আপ্যায়ন ও উপজেলা পরিষদের অন্যান্য আপ্যায়ন বাবদ ব্যয় | ৩৮০০০.০০ | | |
| ০৪ | উপজেলা পরিষদ আনুষাঙ্গিক ব্যয় বাবদ | ৫০০০.০০ | | |
| ০৫ | উপজেলা পরিষদের প্রিন্টারের টুনার ক্রয় বাবদ | ১০৫০০.০০ | | |

৮। বিবিধ ঃ

| | | |
|---|---|---|
| ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ইসলামপুর, জামালপুর সভায় জানান যে, মুজিব বর্ষ উপলক্ষ্যে গৃহহীনদের জন্য উপজেলা পরিষদ হতে ৬ (ছয়) টি ঘর নির্মাণ ও একটি বঙ্গবন্ধুর মোরাল নির্মাণের সভা প্রস্তাব করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে গৃহহীনদের জন্য ৬ (ছয়) টি ঘর ও ১(এক) টি বঙ্গবন্ধুর মোরাল নির্মাণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>ইসলামপুর, জামালপুর। |
| খ) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ইসলামপুর, জামালপুর কর্তৃক জুলাই/২০২১ হতে ডিসেম্বর/২০২১ পর্যন্ত চেয়ারম্যান ৫৬২৫০/- (ছাপান্ন হাজার দুইশত পঞ্চাশ) টাকা, ভাইস চেয়ারম্যান ৪৫,০০০/- (পয়তাল্লিশ হাজার) টাকা এবং মহিলা ভাইস চেয়ারম্যান ৪৫,০০০/- (পয়তাল্লিশ হাজার) টাকার ভ্রমণ ভাতা বিল দাখিল করেছেন। বিলটি অনুমোদন প্রয়োজন। | চেয়ারম্যান ৫৬২৫০/- (ছাপান্ন হাজার দুইশত পঞ্চাশ) টাকা, ভাইস চেয়ারম্যান ৪৫,০০০/- (পয়তাল্লিশ হাজার) টাকা এবং মহিলা ভাইস চেয়ারম্যান ৪৫,০০০/- (পয়তাল্লিশ হাজার) টাকার ভ্রমণ ভাতা বিল সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | উপজেলা নির্বাহী<br>অফিসার<br>ইসলামপুর, জামালপুর। |
| গ) চেয়ারম্যান সাপধরী ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, সাপধরী ইউনিয়ন পরিষদ ভবন, ইউনিয়ন ভূমি অফিস ও কমিউনিটি ক্লিনিক নির্মাণের জন্য জায়গা নির্বাচন করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | আলোচনান্তে সরে জমিনে পরিদর্শন করে সাপধরী ইউনিয়ন পরিষদ ভবন, ইউনিয়ন ভূমি অফিস ও কমিউনিটি ক্লিনিক নির্মাণের স্থান নির্ধারণ করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ঘ) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, ইসলামপুর কলেজ রোডের পূর্বপাশে একটি গাছ ও টি.এন্ড.টি অফিসের সামনে একটি কড়ই গাছ রাস্তার উপর হেলে রয়েছে। গাছ ২(দুই)টি সাথে মাঝের মধ্যে গাড়ীর ধাক্কা লাগে ফলে যে কোন সময় দুর্ঘটনা ঘটতে পারে। জনস্বার্থে গাছ ২(দুই) টি অপসারণ করা জরুরী প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিস্তারিত আলোচনান্তে ইসলামপুর কলেজ রোর্ডের পূর্বপাশে ও টি.এন্ড.টি অফিসের সামনে একটি গাছ রাস্তার উপর হেলে থাকা গাছ ২(দুই) টি জনস্বার্থে বিধি মোতাবেক অপসারণ করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ঙ) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, ২০১৯-২০ অর্থ বছরের উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) আওতায় ইসলামপুর উপজেলায় সক্ষমতা উন্নয়ন ৭(সাত) টি উপ-প্রকল্প বাস্তবায়ন সম্পন্ন হয়েছে। উক্ত বাস্তবায়িত প্রকল্পসমূহের বিল ভাউচার সমন্বয়ের জন্য প্রকল্প কার্যালয়ে প্রেরণ করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিস্তারিত আলোচনান্তে বাস্তবায়িত প্রকল্পসমূহের বিল ভাউচার সমন্বয়ের জন্য প্রকল্প কার্যালয়ে প্রেরণ করা জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| চ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ইসলামপুর, জামালপুর সভায় জানান যে, উপজেলা পরিষদের ৫০০ আসন বিশিষ্ট অডিটরিয়াম কাম মাল্টিপারপাস হলরুমটি বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের কোভিড১৯ এর ফাইজার টিকা প্রদান করা হয়। সার্বক্ষণিকভাবে এসি চলার ফলে লক্ষ লক্ষ টাকা বিদ্যুৎ বিল হয়েছে। অডিটরিয়াম থেকে কোন আয় না থাকায় বিদ্যুৎ বিল পরিশোধের সমস্যা হচ্ছে। অডিটরিয়ামটি ভাড়া প্রদান করে আয়ের পথ সুগম করার জন্য সভায় উপস্থাপন করা হয়। অডিটরিয়ামটি রক্ষণাবেক্ষন ব্যবস্থাপনার জন্য নীতিমালা প্রণয়ন ও লোকবল নিয়োগ প্রয়োজন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।<br>তিনি আরও জানান যে, এ উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের বেতন ভাতাসহ রূপালী ব্যাংক লিঃ এর মাধ্যমে প্রদান করা হয় বিধায় ইসলামপুর উপজেলা সদরে একটি রূপালী ব্যাংকের একটি শাখা খোলা জরুরী প্রয়োজন। ইসলামপুর উপজেলার সাথে মেলান্দহ, মাদারগঞ্জ, দেওয়ানগঞ্জ, | ১। আলোচনান্তে চেয়ারম্যান উপজেলা পরিষদ, ইসলামপুর, জামালপুর উপজেলা পরিষদের অডিটরিয়ামটি ব্যবস্থাপনার জন্য নীতিমালা প্রণয়ন ও লোকবল নিয়োগ দেওয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। উপজেলা পরিষদের ৫০০ আসন বিশিষ্ট অডিটরিয়ামটি সঠিক নিয়মে রক্ষণাবেক্ষণসহ উপজেলা পরিষদের আয়ের জন্য ভাড়া নির্ধারণ করে ভাড়া প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |



CamScanner

| | | |
|---|---|---|
| ...পুর জেলার যোগাযোগ ব্যবস্থা উন্নয়নের ফলে ইসলামপুর ... ব্যবসা-বাণিজ্য ও অর্থনৈতিক অঞ্চলে পরিণত হচ্ছে বিধায় ব্যবসায়ীদের লেন-দেন করার সুবিধা এবং জনস্বার্থে এ উপজেলা একটি ইসলামী ব্যাংকের শাখা খোলা আবশ্যক। সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>তিনি আরও জানান যে, ১। সাপধরী ইউনিয়নে কাশারী ডোবা আমতলী গ্রামে বেসরকারীভাবে নির্মিত আফরোজা হক প্রাথমিক বিদ্যালয়টি সরকারী প্রাথমিক বিদ্যালয় হিসেবে ঘোষণা ২। সাপধরী ইউনিয়নে চরশিশুয়া গ্রামে একটি সরকারী প্রাথমিক বিদ্যালয় স্থাপন করা প্রয়োজন, ৩। চরপুটিমারী ইউনিয়নে আগ্রাখালী গ্রামে প্রায় ৬ হাজার মানুষের বসবাস আগ্রাখালী গ্রামের এক প্রান্তে একটি প্রাথমিক বিদ্যালয় থাকলেও অপর প্রান্তে বসবাসকারীদের প্রাথমিক শিক্ষা গ্রহণের সুবিধার্থে মধ্যবর্তী স্থানে করিম হাজীর বাড়ীর নিকট একটি সরকারি প্রাথমিক বিদ্যালয় স্থাপন করা প্রয়োজন। ৪। চরগোয়ালিনী ইউনিয়নে ডেফলা আদর্শগ্রামে ভূমিহীন পরিবারদের জন্য একটি সরকারী প্রাথমিক বিদ্যালয় স্থাপন ও ৫। সাপধরী ইউনিয়নে ইন্দুল্লামারী গ্রামে একটি সরকারী প্রাথমিক বিদ্যালয় স্থাপনের প্রস্তাব সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে সভায় বিষদ আলোচনা হয়। | ৩। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের বেতন ভাতা প্রদানের নিমিত্ত উপজেলা সদরে একটি রূপালী ব্যাংকের শাখা ও বিভিন্ন ব্যবসায়ীদের লেন-দেন করার সুবিধা এবং জনস্বার্থে ইসলামপুর উপজেলায় সদরে ইসলামী ব্যাংকের একটি করে শাখা খোলার জন্য যথাযথ কর্তৃপক্ষের নিকট পত্র যোগাযোগ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৪। উল্লিখিত স্থানে ৫ টি সরকারী প্রাথমিক স্থাপনের প্রস্তাব যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(এস. এম. জামাল আব্দুন নাছের)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ইসলামপুর, জামালপুর।

স্মারকনং-৪৬.৪৫.৩৯২৯.০০০.০৬.৪৩.২০- ০২

তারিখঃ ৬ মাঘ ১৪২৮ / ২০ জানুয়ারি ২০২২

বিতরণ সদয় অবগতি/কার্যার্থে ঃ

১। মাননীয় সংসদ সদস্য, ১৩৯, জামালপুর-২।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, জামালপুর।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ইসলামপুর, জামালপুর।
৫। মেয়র, ইসলামপুর পৌরসভা, ইসলামপুর, জামালপুর।
৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ইসলামপুর, জামালপুর।
৭। উপজেলা ..........................................অফিসার (সকল), ইসলামপুর, জামালপুর।
৮। অফিসার ইন-চার্জ, ইসলামপুর থানা, ইসলামপুর, জামালপুর।
৯। চেয়ারম্যান,.............................. (সকল) ইউপি, ইসলামপুর, জামালপুর।
১০। অফিস কপি।

(মোঃ রোকনুজ্জামান খান)
উপজেলা নির্বাহী অফিসার (চলতি দায়িত্ব)
ইসলামপুর, জামালপুর।



CamScanner